

“আপনি কি জানেন আপনার অধিকার কি?”



কর্মক্ষেত্রের নিরাপত্তা এবং বীমা আইন (WSIA) কী?

WSIA হল অন্তারিওর আইন যা তাদের কাজের ফলে আহত বা অসুস্থ হয়ে পড়া শ্রমিকদের **সুবিধা এবং পরিষেবার দায়িত্ব** নিয়ন্ত্রণ করে।

কে WSIA এর আওতাভুক্ত?

অন্তারিওর শ্রমিকরা WSIA এর আওতায় **সকলেই নেই।**

WSIA কে পরিচালনা করে?

- » কর্মক্ষেত্রের নিরাপত্তা ও বীমা বোর্ড (WSIB) WSIA পরিচালনা করে।
- » WSIB তাদের নিজস্ব নীতি এবং পদ্ধতি তৈরি করে আহত শ্রমিকদের জন্য সুবিধা এবং পরিষেবার দায়িত্ব নির্ধারণের জন্য।
- » আহত শ্রমিকদের দায়িত্ব পালনের জন্য অনুরোধ করতে পারে:
 - * মজুরি ক্ষতির সুবিধা
 - * স্থায়ী আঘাতের জন্য ক্ষতিপূরণের সুবিধা
 - * স্বাস্থ্যসেবার জন্য কভারেজ
 - * কাজে ফেরা ক্ষেত্রে সহায়তা
- » WSIB অন্তারিও নিয়োগকর্তাদের দ্বারা অর্থায়ন করা হয়। এটি একটি ট্যাক্স-অর্থায়নকৃত পদ্ধতি নয়।
- » কর্মী এবং নিয়োগকর্তা উভয়েরই WSIB সিদ্ধান্তের ব্যাপারে আবেদন করার আইনি অধিকার রয়েছে।



কর্মক্ষেত্রে আঘাত পেলে কী করবেন

শ্রমিক

- » যত তাড়াতাড়ি সম্ভব নিয়োগকর্তার কাছে আঘাতের ব্যাপারে জানাতে হবে
- » আঘাতের ব্যাপারে জানানোয় আপনাকে আইনত বরখাস্ত করা যাবে না।
- » অবিলম্বে চিকিৎসার ব্যবস্থা করতে হবে
- » আঘাত/রোগ সংক্রান্ত একটি WSIB ফর্ম ৬ শ্রমিক রিপোর্ট পূরণ করুন

নিয়োগকর্তা

- » কর্মক্ষেত্রে আঘাত বা অসুস্থতার তদন্ত এবং লিপিবদ্ধকরণ
- » আঘাত/রোগ সংক্রান্ত একটি WSIB ফর্ম ৭ নিয়োগকর্তার রিপোর্ট পূরণ করুন

চিকিৎসক

বা স্বাস্থ্যসেবা প্রদানকারী

- » কাজে ফিরে যাওয়ার বিধিনিষেধ এবং সীমাবদ্ধতার ব্যাপারে সুপারিশ প্রদান করুন
- » WSIB-কে আপনার কর্মক্ষেত্রে আঘাতের সাথে সম্পর্কিত তথ্য প্রদান করুন
- » স্বাস্থ্য বিশেষজ্ঞ কর্তৃক একটি WSIB ফর্ম ৮ রিপোর্ট পূরণ করুন



কখন একটি দাবি জমা দিতে হবে

শ্রমিক

আপনাকে অবশ্যই অবিলম্বে একটি দাবি জমা দিতে হবে কিন্তু আঘাতপ্রাপ্ত হওয়ার তারিখ থেকে ৬ মাসের পরে নয়।

নিয়োগকর্তা

নিয়োগকর্তাদের অবশ্যই ৩ দিনের মধ্যে আঘাত/অসুস্থতার একটি দাবি জমা দিতে হবে যদি শ্রমিকের:

০১. কাজের সময় ছুটে যাওয়া
০২. চিকিৎসা সেবার প্রয়োজন হয়
০৩. নিয়মিত কাজের জন্য নিয়মিত বেতনের চেয়ে কম আয় করে

আপনি কি জানেন আপনি ক্ষতিপূরণের জন্য দাবি করতে পারেন যদি

- » কাজের সাথে সম্পর্কিত আপনার কোন রোগ নির্ণয় করা হয়
- » কাজের সাথে সম্পর্কিত আপনার কোন মানসিক চাপ-সম্পর্কিত অবস্থার নির্ণয় করা হয়
- » কাজের সাথে সম্পর্কিত আপনার কোন মনস্তাত্ত্বিক অবস্থার নির্ণয় করা হয়
- » কাজের সাথে সম্পর্কিত আপনার কোন জখম ধীরে ধীরে সময়ের সাথে বাড়ে



WSIB দাবির জন্য আপনি কোথায় সাহায্য পেতে পারেন?

শ্রমিক পরামর্শকের অফিস: www.owa.gov.on.ca অথবা ১-৮০০-৪৩৫-৮৯৮০
ইন্ডাস্ট্রিয়াল এন্ড্রিডেন্ট ভিক্টিমস গ্রুপ অফ অন্তারিও (IAVGO):
www.iavgo.org অথবা ৪১৬-৯২৪-৬৪৭৭
ইনজুরড ওয়ার্কার কমিউনিটি লিগ্যাল ক্লিনিক (IWC):
www.injuredworkeronline.org অথবা ৪১৬-৪৬১-২৪১১
লিগ্যাল এইড অন্তারিও: www.legalaid.on.ca অথবা ১-৮০০-৬৬৮-৮২৫৮